# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

**24 মে, 2021-এর সপ্তাহ**

## বিষয়সূচি:


- 12 এবং এরচেয়ে বেশী বয়সী ছেলেমেয়েদের জন্য কোভিড-19 (COVID-19) ভ্যাকসিন
- পরিবারদের সম্পৃক্ততার চ্যান্সেলরের ফোরামসমূহ
- রিজেন্টস পরীক্ষা সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্য
- হালাল খাবার পরিবেশন সম্প্রসারণ
- স্কুল জরিপ সম্পর্কে স্মারক


## 12 এবং এরচেয়ে বেশী বয়সী ছেলেমেয়েদের জন্য কোভিড-19 (COVID-19) ভ্যাকসিন

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাতে চাই যে 12 এবং এরচেয়ে বেশী বয়সী সকল নিউ ইয়র্কবাসী এখন কোভিড-19 (COVID-19) ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি আপনার ন্যূনতম 12 বছর বয়সী কোনো সন্তান থেকে থাকে, তাহলে ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন আপনাকে vaccinefinder.nyc.gov -সাইটে যত শীঘ্রই সম্ভব তার জন্য একটি টিকা বা ভ্যাকসিনের অ্যাপয়েন্টমেন্ট করতে উৎসাহিত করছে। এছাড়াও আপনি **877-VAX-4-NYC (877-829-4692)** নম্বরে ফোন করে সিটি কর্তৃক পরিচালিত টিকাদান কেন্দ্রে (সাইটে) একটি অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন। অনেক কেন্দ্রে (সাইটে) এখন ওয়াক-ইন অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যাচ্ছে।

কোভিড-19 (COVID-19) থেকে আপনাকে ও আপনার পরিবারকে সুরক্ষা করতে টিকাদান বা ভ্যাকসিনেশন হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এটা তাদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ যাদের কোনো অন্তর্নিহিত স্বাস্থ্যগত সমস্যা রয়েছে তাদের কোভিড-19 (COVID-19) থেকে গুরুতর অসুস্থ হওয়ার বর্ধিত ঝুঁকি রয়েছে, যেমন অ্যাজমা (হাঁপানি), ওবিসিটি (অত্যধিক মেদবহুলতা), অথবা ডায়াবেটিস (বহুমূত্ররোগ)। এটা যেসব ব্যক্তি, 65 বছর বা এরচেয়ে বেশি বয়সী কারো সাথে অথবা কোনও অন্তর্নিহিত স্বাস্থ্যগত সমস্যা রয়েছে, যাদের কোভিড-19 (COVID-19) থেকে গুরুতর অসুস্থ হওয়ার বর্ধিত ঝুঁকি রয়েছে এমন কারো সাথে বসবাস করে তাদের ক্ষেত্রেও একইভাবে সত্য। **টিকা বিনামূল্যে দেয়া হচ্ছে এবং ইমিগ্র্যাশন অবস্থা যাই হোক না কেন সবার জন্য লভ্য।**

যুক্তরাষ্ট্রে, বর্তমানে ফাইজার (Pfizer)-এর ভ্যাকসিন একমাত্র ভ্যাকসিন যেটা 12 থেকে 17 বছর বয়সী ছেলেমেয়েদের জন্য ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন অনুমোদন দিয়েছে। দেখা গেছে যে ফাইজার (Pfizer)-এর ভ্যাকসিনটি অত্যন্ত নিরাপদ এবং কোভিড-19 (COVID-19) থেকে গুরুতর অসুস্থ হওয়া, হাসপাতালে ভর্তি হওয়া, ও মৃত্যুর হওয়া থেকে রক্ষা করায় কার্যকরী। আপনার সন্তান ভ্যাকসিন থেকে কোভিড-19 (COVID-19)-এ সংক্রমিত হবে না।

ফাইজান (Pfizer) ভ্যাকসিন অফার করছে এমন একটি কেন্দ্র (সাইট) খুঁজে পেতে, একটি অ্যাপয়েন্টমেন্ট করতে, অথবা একটি ওয়াক-ইন সাইট খুঁজে পেতে vaccinefinder.nyc.gov দেখুন। এছাড়াও আপনি আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারী ফাইজার ভ্যাকসিন প্রদান করছে কিনা তা তাদের সাথে যোগাযোগ করে জেনে নিতে পারেন।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর জন্য, nyc.gov/vaccinefacts -ভিজিট করুন।

## পরিবারদের সম্পৃক্ততার চ্যান্সেলরের ফোরামসমূহ

পরবর্তী শিক্ষা বছরের জন্য স্কুল কমিউনিটিগুলোর সর্বোচ্চ প্রাধান্য কী তা সরাসরি তাদের কাছ থেকে শোনার জন্য চ্যান্সেলর মিশা পোর্টার (Meisha Porter) একটি পাঁচ-বরো জুড়ে পরিবারদের সম্পৃক্ততার ট্যুর শুরু করেছেন। এই সেপ্টেম্বরে আমরা যখন স্কুল পুরোপুরি খোলার জন্য অগ্রসর হচ্ছি, তখন কী ধরণের সংস্থান বা রিসোর্স ও সহায়তা প্রয়োজন হবে সেবিষয়ে তাদের চিন্তা-ভাবনা শেয়ার করার জন্য এই ভার্চ্যুয়াল ফোরামগুলো পরিবার, শিক্ষক, স্কুল অ্যাডমিনিস্ট্রেটর, এবং স্টাফদের জন্য একটি সুবর্ণ সুযোগ।

**অবশিষ্ট তিনটি ফোরাম অনুষ্ঠিত হবে 6:30–8:00 p.m. সময়ে, উল্লিখিত তারিখগুলোতে:**

**কুইন্স**—বৃহস্পতিবার, 27 মে
**ব্রুকলিন**—সোমবার, 7 জুন
**ব্রংক্স**—বুধবার, 9 জুন

**কীভাবে রেজিস্টার করতে হবে:**

পরিবারেরা ফোরামগুলোর জন্য learndoe.org/chancellor সাইটে রেজিস্টার করতে পারবেন। আপনি যখন রেজিস্টার করবেন, তখন অনুষ্ঠান চলাকালে স্বাস্থ্য ও সুরক্ষা, স্পেশাল এডুকেশন, 2021-এর হেমন্তে (ফল-এ) স্কুল পুনরায় খোলা, সামাজিক-আবেগজনিত শিক্ষণ, এবং আরো অনেক বিষয়ে আপনি কোনো প্রশ্ন অথবা মতামত প্রদান করতে চান কিনা তা জিজ্ঞাসা করা হবে।

প্রতিটি ফোরাম রেকর্ড করা হবে এবং learndoe.org/chancellor -সাইটে প্রকাশিত হবে, যেন আপনি যতবার খুশি তা দেখতে পারেন। প্রতিটি ফোরামে দোভাষীর ব্যবস্থা থাকবে।

## রিজেন্টস পরীক্ষা সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্য

হাই স্কুল শিক্ষার্থীদের পরিবারদের আমরা স্মরণ করিয়ে দিতে চাই যে নিউ ইয়র্ক স্টেটের রিজেন্টস পরীক্ষা পরিচালিত হবে **17–24 জুন** পর্যন্ত, ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস, লিভিং এনভায়রনমেন্ট, ফিজিক্যাল সেটিং/আর্থ সায়েন্স, এবং অ্যালজেব্রা I -বিষয়গুলোর উপর। অন্য সকল বিষয়ের উপর জুন মাসের পরীক্ষার পাশাপাশি অগাস্ট মাসের সকল রিজেন্টস পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে।

এই বাতিল করণের ফলে, কিছু শিক্ষার্থী রিজেন্টস পরীক্ষা থেকে ছাড় (ওয়েভার) পাওয়ার যোগ্য, এতে অন্তর্ভুক্ত যেসব পরীক্ষা এখনও জুন মাসে নেয়া হবে সেগুলো। এই ছাড় (ওয়েভার) সম্পর্কে তথ্য প্রদান করতে এবং রিজেন্টস পরীক্ষায় আপনার সন্তানের অংশগ্রহণ করতে দেয়ায় আপনার আগ্রহ আছে কিনা তা জানতে আপনার সন্তানের স্কুল আপনার সাথে যোগাযোগ করবে। যেসব শিক্ষার্থী পুরোপুরি দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা নির্দেশনা গ্রহণ করছে তারা রিজেন্টস্ দিতে স্কুলে আসবে তা প্রত্যাশিত নয়; কিন্তু, যদি তারা অংশগ্রহণ করতে চায়, তবে তারা সশরীরে পরীক্ষা গ্রহণে অংশগ্রহণ করতে পারবে।

## হালাল খাবার পরিবেশন সম্প্রসারণ

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে আরও 11-টি স্কুল হালাল টেক-আউট খাবার পরিবেশন করার জন্য সনদপ্রাপ্ত হয়েছে - যা সিটিব্যাপী সর্বমোট 43-টি স্কুলে দাঁড়িয়েছে। অতিরিক্ত স্কুলগুলো স্প্যানিশ হারলেম, হারলেম, জামাইকা, জ্যাকসন হাইটস্, ও সাউন্ডভিউ-এর শিক্ষার্থী ও সাধারণ জনসাধারণকে পরিষেবা প্রদান করে। যেসব স্কুল হালাল খাবার পরিবেশন করছে সেগুলোর একটি পূর্ণ তালিকা schools.nyc.gov/FreeMeals -সাইটে পাওয়া যাবে।

এই সম্প্রসারণ সকল শিক্ষার্থীর ধর্মীয় পরিচয়ের প্রতি শ্রদ্ধা প্রকাশ এবং শিক্ষার্থীরা যেন তাদের সুস্বাস্থ্যের জন্য প্রয়োজনীয় খাবার পায় তা নিশ্চিত করার জন্য DOE-এর অঙ্গীকারের প্রতিফলন ঘটায়। সবগুলো মেন্যু ইমামদের একটি প্যানেল পর্যালোচনা করেছেন। হালাল খাবারের অপশন প্রদানকারী প্রতিটি স্কুল ইমামগণ দ্বারা পরিদর্শন ও সনদপ্রাপ্ত হয়েছে, এবং হালাল খাবারের নিয়মানুযায়ী খাবার প্রস্তুত করার জন্য কিচেনে কর্মরত কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

যেসব স্কুল ও  নেইবারহুডে হালাল খাবারের উচ্চ চাহিদা রয়েছে সেগুলোতে হালাল খাবার পরিবেশনের জন্য নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সাথে অংশীদারিত্বে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## স্কুল জরিপ সম্পর্কে স্মারক

পনেরতম (15) বার্ষিক NYC স্কুল জরিপ এখন চলছে! 11 জুন-এর মধ্যে আপনাদের এই বছরের স্কুলের অভিজ্ঞতা সম্পর্কে আপনাদের চিন্তা-ভাবনা শেয়ার করার জন্য, আমি 3K থেকে 12 গ্রেডের সকল শিক্ষার্থীর পরিবার ও শিক্ষকগণ, এবং 6-12 গ্রেডের শিক্ষার্থীদের nycschoolsurvey.org -সাইটটি ভিজিট করতে আমরা উৎসাহিত করছি। আপনার স্কুলে শেখার জন্য আরো ভাল পরিবেশ গড়ে তুলতে আপনার মতামত প্রদান করুন।